

ইন্টারনেটে অর্থ উপার্জনের আরেকটি জনপ্রিয় সাইট হচ্ছে Adbrite.com। এর মাধ্যমে আপনি অর্থ উপার্জন করতে পারবেন। এটি একটি PPC সাইট। এখান থেকে ব্লগ বা ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অফ দেয়া হবে। এই অফে যদি আপনার ব্লগ বা ওয়েবসাইটের কোনো ভিজিটর ক্লিক করেন, তাহলে আপনার অ্যাকাউন্টে অর্থ জমা হবে। এই সাইটে রেজিস্ট্রেশন করা এবং অর্থ আয় করার পদ্ধতি পর্যায়ক্রমে বর্ণিত হলো। লক্ষণীয়, অনেক সময় সিকিউরিটি এবং অপটিমাইজেশনের জন্য সাইটের কাঠামো পরিবর্তন হয়। সুতরাং ধীরে ধীরে সাইটের নির্দেশ অনুসরণ করে যাবেন। ব্রাউজারে www.adbrite.com লিখে এন্টার দিন। তাহলে Adbrite-এর হোমপেজটি দেখা যাবে। এখান থেকে রেজিস্ট্রেশন করতে For Publishers-এ ক্লিক করুন।

এবার রেজিস্ট্রেশন পেজ আবির্ভূত হরে



চিত্র-০১

প্রয়োজনীয় তথ্য দিন। এরপর

Next : Describe your site-এ ক্লিক করুন।
এবার CREATE AN AD ZONE ON



চিত্র-০২

YOUR SITE-এ ক্লিক করুন।

এরপর পরবর্তী পেজে আপনি ইচ্ছেমতো



চিত্র-০৩

অফ মোডিফাই করতে পারবেন এবং একেবারে শেষে দুটি টিক মার্ক দিন।

এবার Set Ad Specs-এ ক্লিক করুন।



চিত্র-০৪

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-৮

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

এরপর পরবর্তী পেজে আপনার ইচ্ছেমতো পরিবর্তন করুন এবং সেখানে আপনি ওয়েবসাইটের তথ্যগুলো দিন। আপনার সাইটের নাম সাইট অ্যাড্রেস কোথায় অফ বসাবেন, ডেসক্রিপশন কিওয়ার্ড লিখুন এবং ক্যাটাগরি নির্বাচন করে সেকেন্ডারি ক্যাটাগরি নিন।

এবার Set Pricing-এ ক্লিক করুন এবং তা



চিত্র-০৫

No-তে রেখেই Get Code-এ ক্লিক করলে আপনার অ্যাকাউন্টটি ওপেন হবে। অ্যাডের কোডটি আপনি ব্লগ সাইট, ওয়েবসাইট অথবা আর্টিকেল সাইটে পেস্ট করে দিলে আপনার সাইটে অ্যাডটি দেখা যাবে এবং এই অ্যাডে ভিজিটরে ক্লিক করলে আপনার অ্যাকাউন্টে টাকা জমা হবে।

Dashboard থেকে আপনার আয় সম্পর্কে জানতে পারবেন।



চিত্র-০৬

Manage ad zone থেকে আপনার Ad



চিত্র-০৭

modify এবং Ad-এর জন্য নতুন Zone তৈরি করতে পারবেন।

Earnings থেকে আপনার আয় দেখতে



চিত্র-০৮

পারবেন। আপনার উত্তোলনের অর্থের পরিমাণ ও চেকে প্রাপকের নাম পরিবর্তন করতে পারবেন।



চিত্র-০৯

এ সাইটটি সম্পর্কে আরও বেশি জানতে Help-এ ক্লিক করুন।

আপনার ওয়েবসাইট বা ব্লগ সাইটে যদি ভালো ভিজিটর পেয়ে থাকেন, তাহলে Adbrite দিয়ে আপনি অনেক টাকা আয় করতে পারবেন।

ফিডব্যাক : mentorsystems@gmail.com

জেনে নিন

সারা বিশ্বে বর্তমানে ২ বিলিয়নের বেশি সক্রিয় ওয়েবপেজ রয়েছে এবং এ সংখ্যা দ্রুতগতিতে দিন দিন বেড়েই চলেছে। এ ছাড়া সারা বিশ্বে বর্তমানে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ২ বিলিয়নেরও বেশি।

প্রথম এবং সবচেয়ে পুরনো ডোমেইন নেম যা রোজস্টার্ড হতে হবে, তা হলো Symbolics.com. এটি ১৯৮৫ সালের ১৫ মার্চে তৈরি করা হয়।